জনকণ্ঠ

14 MAY 2009

ঢাবি ছাত্রদলের বিতর্কিত কমিটি থেকে গণহারে পদত্যাগ শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বিতর্কিত কমিটি থেকে গণহারে পদত্যাগ শুরু হয়েছে। ইতোমধ্যে ৮১ সদস্যবিশিষ্ট এই কমিটির ৯ নেতা পদত্যাগ করেছেন। আজকালের মধ্যে আরও ১০/১২ নেতা পদত্যাগ করবেন বলে জানা গেছে। পূর্ণাঙ্গ কমিটিতে ছাত্রদলের ত্যাগী নেতাকর্মীদের বাদ দিয়ে শিবির, ছাত্রলীগ ও একটি বিশেষ অঞ্চলের অযোগ্য নেতাদের পদ দেয়ায় তারা পদত্যাগ করছেন। সোমবার ও মঙ্গলবার ৯ নেতা পদত্যাগ করেছেন। তারা লিখিতভাবে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি/সাধারণ সম্পাদকের বরাবর পদত্যাগপত্র জমা দিচ্ছেন। এই দু'দিনে যে নয় নেতা পদত্যাগ করেছেন তারা হলেন, অনি আলমগীর, নিরব, মোয়াজ্জেম লিটন, মাসুদুর রহমান সবি, আব্দুল মমিন সরকার, গাফফার, নজরুল ইসলাম সোহেল। পদত্যাগকারী এসব নেতা আজ বুধবার সাংবাদিক সম্মেলন আহ্বান করেছে। এই সাংবাদিক সম্মেলনে আরও ১০/১২ নেতা পদত্যাগ করতে পারে বলে জানা গেছে। এদিকে বিতর্কিত এই কমিটির প্রতিবাদ করায় দানেশ ও সোহাগ নামে দুইজনকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। প্রসঙ্গত রবিবার রাতে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ৮১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। এতে বুয়েট ছাত্রী সনি হত্যার আসামীসহ শিবির, ছাত্রলীগকর্মী ও বরিশাল অঞ্চলের অধিকাংশ নেতাকর্মীকে পদ দেয়া হয়। এ নিয়ে ক্যাম্পাসে ছাত্রদলের মধ্যে তোলপাড় শুরু হয়েছে।

বুয়েট ছাত্রী সনি হত্যায় জড়িতরা ও শিবির ক্যাডার স্থান পেয়েছে!